দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 JUN 2016
পৃষ্ঠা ০৩ কলাম ১

# জোবেদা রুবেয়া মহিলা কলেজ উপজেলায় শ্রেষ্ঠ

■ বাসাইল (টাঙ্গাইল) সংবাদদাতা

২০১৫-১৬ শিক্ষাবর্ষে টাঙ্গাইল জেলার বাসাইল উপজেলার শ্রেষ্ঠ বাসাইল জোবেদা রুবেয়া মহিলা কলেজ নির্বাচিত হয়েছে। গত ১৩ জুন বাসাইল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের উদ্যোগে উপজেলা পরিষদ মিলনায়তনে বাসাইল জোবেদা রুবেয়া মহিলা কলেজকে উপজেলার শ্রেষ্ঠ কলেজের পুরস্কার দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার মিলিয়া শারমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাসাইল উপজেলা পরিষদের চেয়ারম্যান কাজী শহিদুল ইসলাম, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) রাশেদা সুলতানা রুবী, মাধ্যমিক শিক্ষা অফিসার মুজিবুল আহসান, একাডেমীক সুপারভাইজার মো. আল আমিন প্রমুখ। কলেজের অধ্যক্ষ মশিউর রহমান খান নিজ কলেজের পক্ষে ক্রেস্ট ও সনদ গ্রহণ করেন। ২০০৯ সালে প্রতিষ্ঠার পর থেকে এইচএসসি পরীক্ষায় ধারাবাহিক সফলতা অর্জন করে আসছে এ কলেজটি। এর মধ্যেই বাসাইল উপজেলায় এইচএসসি পরীক্ষার ফলাফলে দুইবার প্রথম স্থান অর্জন করে।